দৈনিক ইত্তেফাক

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 6

017

## বিদ্যালয় ভবন হস্তান্তরের সিদ্ধান্ত স্থগিত রাখার আবেদন

(ইত্তেফাক রিপোর্ট)

রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী শিক্ষক-শিক্ষিকা কর্ম-

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### বিদ্যালয় ভবন

(১ম পৃঃ পর)

চারীগণ বিদ্যালয় ভবনের জন্য বিকল্প ব্যবস্থা না করিয়া উহা হস্তান্তরের সিদ্ধান্ত স্থগিত রাখার জন্য

(২য় পৃঃ দ্রঃ)

### বিদ্যালয় ভবন

(১ম পৃঃ পর)

সরকারের নিকট আবেদন জানাইয়াছেন।

বিদ্যালয় ভবনটি গণপূর্ত বিভাগের নিকট হস্তান্তরের প্রতিবাদে গতকাল ছাত্রছাত্রী শিক্ষক-শিক্ষিকা-কর্মচারীগণ সচিবালয়ের দুই নম্বর গেটের নিকটে অবস্থান ধর্মঘট ও সমাবেশ করেন এবং প্রেসিডেন্টের সচিবালয়ে স্মারকলিপি পেশ করেন। সমাবেশে তাহারা বলেন, বিদ্যালয় ভবনটি ১৮ই জুন গণপূর্ত বিভাগের নিকট ছাড়িয়া দেওয়ার জন্য সরকারী নির্দেশ দেওয়া হয়। বিকল্প ব্যবস্থা হিসাবে বাহাদুর শাহ পার্ক সংলগ্ন সরকারী মুসলিম হাইস্কুল ভবনে স্থান গ্রহণের কথা বলা হয়। কিন্তু সেই স্কুল কর্তৃপক্ষ রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়কে জায়গা দিতে রাজী হইতেছে না। এই অবস্থায় সরকারের উচিত বর্তমান বিদ্যালয় ভবনের সন্নিকটে কোন বিকল্প বিদ্যালয় ভবনের ব্যবস্থা করা এবং বিকল্প ব্যবস্থা না হওয়া পর্যন্ত বর্তমান বিদ্যালয় ভবনটি বহাল রাখা।